

# ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি

গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯

## প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য ও নির্দেশনাসমূহ

১। কোর্স শিরোনাম: Training on Basic Biotechnology

২। কোর্সের মেয়াদ: ৬ দিন

৩। কোর্সের বিষয়বস্তু:

ক) তত্ত্বীয়: Biotechnology in Bangladesh & NIB, Basic techniques in molecular biology, Laboratory safety and personal hygiene, DNA sequencing and DNA finger printing, Lab note book and scientific paper writing, Intellectual property right (IPR) etc.

খ) ব্যবহারিক: Genomic & Plasmid DNA extraction and quantification, PCR, Agarose gel electrophoresis, Restriction digestion, Tissue culture technique, Separation & Identification of compound by HPLC, Interactive Bioinformatics etc.

৪। আসন সংখ্যা: ২০ (বিশ) জন।

৫। অংশগ্রহণকারীর যোগ্যতা:

পাবলিক বিশ্ববিদ্যালয়ে জীবপ্রযুক্তি বিষয়ে ৪র্থ বর্ষ/মাস্টার্সে অধ্যয়নরত ছাত্র/ছাত্রী।

৬। কোর্স ফি: ১,০০০.০০ (এক হাজার) টাকা। মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি এর অনুকূলে উত্তরা ব্যাংক, ইপিজেড শাখা, গণকবাড়ী, আশুলিয়া, সাভার, ঢাকা-১৩৪৯ বরাবর উত্তরা ব্যাংক এর যেকোন শাখা হতে প্রশিক্ষণ ফি বাবদ ১,০০০.০০ (এক হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে অর্ডার সংযোজন করতে হবে। ব্যাংক ড্রাফট/পে অর্ডার নম্বর আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

৭। প্রশিক্ষণার্থী নির্বাচন:

বিশ্ববিদ্যালয়সমূহের জীবপ্রযুক্তি/সংশ্লিষ্ট বিভাগ হতে প্রস্তাবিত ছাত্রছাত্রীদের তালিকা অনুযায়ী।

৮। অনলাইন রেজিস্ট্রেশন: প্রার্থীকে ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি (এনআইবি) এর ওয়েব সাইট (www.nib.gov.bd) এর মাধ্যমে এনআইবি কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফরম পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন ফরম পূরণের সময় প্রার্থীর নিজের সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি, প্রার্থীর নিজের স্বাক্ষর, প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত মনোনয়ন পত্র, ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর কপি JPG/GIF/PNG ফরম্যাট এ স্ক্যান করে আপলোড করতে হবে এবং প্রয়োজনীয় অন্যান্য তথ্যাদি নির্ভুলভাবে পূরণ করে অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের সময় প্রশিক্ষণার্থীর সম্পত্তি তোলা এক কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি, ব্যাংক ড্রাফট/পে অর্ডার এবং মনোনয়নপত্র এর মূল কপি অবশ্যই সঙ্গে নিয়ে আসতে হবে।

৯। আবাসন সুবিধা: প্রশিক্ষণার্থীদের জন্য আবাসিক সুবিধা রয়েছে। এ ক্ষেত্রে প্রশিক্ষণার্থীকে প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা হারে ভাড়া প্রদান করতে হবে। যে সকল প্রশিক্ষণার্থী আবাসিক সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক তাদেরকে পূর্ব হতেই আবাসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। যে সকল প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ শুরুর পূর্ব রাত হতে আবাসিক সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক, তাদেরকে অবশ্যই পূর্বের দিন বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে এনআইবি'তে উপস্থিত হয়ে রিপোর্ট করতে হবে।

১০। খাবার ব্যবস্থা:

প্রশিক্ষণার্থীদের জন্য এনআইবি'র ক্যাম্পাসে খাবারের ব্যবস্থা রয়েছে। খাবারের খরচ প্রশিক্ষণার্থীকে বহন করতে হবে। খাবার বাবদ আনুমানিক ১২০০- ১৫০০ টাকা ব্যয় হতে পারে।

১১। অন্যান্য:

অংশগ্রহণকারী সকল প্রশিক্ষণার্থীকে অবশ্যই এপ্রোন সঙ্গে আনতে হবে। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য এনআইবি'র পক্ষ হতে প্রশিক্ষণার্থীদের কোন প্রকার ভাতাদি প্রদান করা হবে না। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীকে অবশ্যই এনআইবি'র সকল নিয়ম কানুন মেনে চলতে হবে।

### প্রশিক্ষণ সংক্রান্ত যোগাযোগ:

হাবিবুন নবী ফরহাদ

কোর্স কো- অর্ডিনেটর

প্রশিক্ষণ বিভাগ, এনআইবি

মোবাইল: ০১৭৪০-৮৬৫১৯৩

ইমেইল: hrdnib@gmail.com ওয়েব সাইট: www.nib.gov.bd